গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা

# ২০২০-২১ অর্থবছরের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত ৪র্থ সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবু জুবাইর হোসেন বাবলু<br>যুগ্মসচিব (প্রশাসন) |
| সভার তারিখ | ২১ অক্টোবর ২০২০ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | যুগ্মসচিব এর অফিস কক্ষে |
| উপস্থিতি | সংযুক্তি |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য-সচিব, মোছাম্মাৎ ফারহানা রহমান (উপসচিব) সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে আলোচ্যসূচি অনুযায়ী গত ১৪ সেপ্টেম্বর ২০২০ ও ২০ আগস্ট ২০২০ সময়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন। সভায় এ বিভাগের ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনার ০৪ (চার) টি কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

০২। সভায় উল্লেখ করা হয় যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ৪.৩ এ সেবা সহজিকরণের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। এ প্রেক্ষিতে উল্লেখ করা হয় যে, গত ২০ আগস্ট ২০২০ তারিখের সভায় (১১.২ নম্বর সিদ্ধান্ত) ডিসেম্বর ২০২০ মাসে উক্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় আরও উল্লেখ করা হয় যে, কর্মশালা, শোকেসিং, উদ্ভাবনী প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রম ডিসেম্বর ২০২০ মাস বা তার পরে করার সময় নির্ধারিত আছে বিধায় নভেম্বর ২০২০ মাসে সেবা সহজিকরণের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে । এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে আগামী ২৫-২৬ নভেম্বর ২০২০ সময়ে মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই এর সহায়তায় দুই দিনের সেবা সহজিকরণের প্রশিক্ষণ আয়োজন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

০৩। উদ্ভাবনী উদ্যোগের তালিকা আগামী ৩ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে এ বিভাগের তথ্য বাতায়নে প্রকাশ করার লক্ষ্যে সভায় তিনটি উদ্ভাবনী আইডিয়া গ্রহণ করা হয়, তা হলঃ ১) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশিকা ফলক স্থাপন করা, ২) লাইব্রেরী স্থাপন করা, এবং ৩) স্টোর ম্যানেজমেন্ট সফটওয়ার তৈরি করা। উক্ত উদ্ভাবনী উদ্যোগ এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তথ্য বাতায়নে প্রকাশের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এছাড়া, স্টোর ম্যানেজমেন্ট সফটওয়ার তৈরির বিষয়ে জনাব মোঃ কবির উদ্দিন জানান যে, ভেন্ডর কোম্পানির সাথে যোগাযোগ করে এ বিষয়ে একটা প্রেজেন্টেশন গ্রহণ করা যেতে পারে। সভাপতি এতে সম্মতি প্রকাশ করেন এবং এতে সম্ভাব্য কি পরিমাণ ব্যয় হতে পারে তা দুই-তিনটা ভেন্ডর কোম্পানি হতে ধারনা নিয়ে আগামী সভায় উপস্থাপন করার জন্য নির্দেশনা প্রদান করেন।

০৪। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ৯.২ এ উদ্ভাবনী বিষয়ে নলেজ শেয়ারিং এর বিষয়ে উল্লেখ আছে। গত ২০ আগস্ট ২০২০ তারিখে ইনোভেশন কমিটির ২য় সভায় (১১.৫ নম্বর সিদ্ধান্ত) কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন

কোম্পানী লিঃ, সিলেট গ্যাস ফিল্ডস লিঃ, সুন্দরবন গ্যাস কোম্পানী লিঃ ও পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিঃ এর সাথে উদ্ভাবনে নলেজ শেয়ারিং করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। করোনা মহামারী পরিস্থিতির কারণে জুমে উক্ত কোম্পানির চিফ ইনোভেশন অফিসারসহ ইনোভেশনের সাথে সম্পৃক্ত দুই জন কর্মকর্তা বা তাঁদের নির্ধারিত উদ্ভাবনী সম্পর্কে জ্ঞাত এমন কর্মকর্তাদের নিয়ে আগামী ৩০ নভেম্বর ২০২০ তারিখে এ বিভাগের ইনোভেশন টিমের সাথে উদ্ভাবনী বিষয়ক নলেজ শেয়ারিং প্রোগ্রামের আয়োজন করা যেতে পারে।

০৫। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ১৩.৩ এ দপ্তর/সংস্থার উদ্ভাবনী ৩টি প্রকল্প সরেজমিনে পরিদর্শন ও সহায়তা প্রদানের বিষয়ে উল্লেখ আছে। এ প্রেক্ষিতে কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী (কেজিডিসিএল), সিলেট গ্যাস ফিল্ডস লিঃ, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড ও সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ এর উদ্ভাবনী প্রকল্পসমূহ আগামী জানুয়ারি ২০২০ মাসের মধ্যে সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন জমা দেওয়ার বিষয়ে আলোচনা হয়। উক্ত কোম্পানিসমূহের সরেজমিনে পরিদর্শন করার বিষয়ে সময় ভিত্তিক একটি অফিস আদেশ জারি করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

০৬। এ বিভাগের ইনোভেশন কমিটির গত ২০ আগস্ট ২০২০ তারিখে অনুষ্ঠিত ২য় সভা ও ১৪ সেপ্টেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত ৩য় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। আলোচনায় সদস্য সচিব জানান যে, বিগত সভাগুলির সিদ্ধান্তের ৮০ শতাংশ বাস্তবায়ন হয়েছে, বাকি ২০ শতাংশ আগামী দুই মাসের মধ্যে বাস্তবায়ন হবে মর্মে আশা প্রকাশ করেন। সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতিতে সভাপতি সন্তোষ প্রকাশ করেন।

০৭। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | বিবরণ | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৭.১ | আগামী ২২ নভেম্বর ২০২০ তারিখে ইনোভেশন কমিটির ৫ম সভা আয়োজন করতে হবে। | সদস্য সচিব |
| ৭.২ | সেবা সহজিকরণের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আগামী ২৫-২৬ নভেম্বর ২০২০ সময়ে আয়োজন করতে হবে। | সদস্য সচিব |
| ৭.৩ | ১) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশিকা ফলক স্থাপন করা, ২) লাইব্রেরী স্থাপন করা, এবং ৩) স্টোর ম্যানেজমেন্ট সফটওয়ার তৈরি করা উদ্ভাবনী উদ্যোগসমূহ এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের অনুমোদন সাপেক্ষে আগামী ৩ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে। | সদস্য সচিব |
| ৭.৪ | স্টোর ম্যানেজমেন্ট সফটওয়ার এর উপর ভেন্ডর কোম্পানি হতে প্রেজেন্টেশন গ্রহণ করতে হবে। এতে সম্ভাব্য আর্থিক সংশ্লেষের পরিমাণ আগামী সভায় উপস্থাপন করতে হবে। | সিস্টেম এনালিস্ট |
| ৭.৫ | কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, সিলেট গ্যাস ফিল্ডস লিঃ, সুন্দরবন গ্যাস কোম্পানী লিঃ ও পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিঃ এর সাথে আগামী ৩০ নভেম্বর ২০২০ তারিখে এ বিভাগের ইনোভেশন টিমের সাথে উদ্ভাবনী বিষয়ে জুমে নলেজ শেয়ারিং প্রোগ্রামের আয়োজন করাতে হবে। | সদস্য সচিব |

| | | |
|---|---|---|
| ৭.৬ | কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী (কেজিডিসিএল), সিলেট গ্যাস ফিল্ডস লিঃ, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড ও সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ এর উদ্ভাবনী প্রকল্পসমূহ আগামী জানুয়ারি ২০২০ মাসের মধ্যে সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন জমা দিতে হবে। উক্ত কোম্পানিসমূহের সরেজমিনে পরিদর্শন করার বিষয়ে পরিদর্শনকারী কর্মকর্তাদের নামসহ সময় ভিত্তিক একটি অফিস আদেশ জারি করতে হবে। | সদস্য সচিব |
| ৭.৭ | এ বিভাগের ইনোভেশন কমিটির সভার সিদ্ধান্ত শত ভাগ অর্জন/বাস্তবায়ন করতে হবে। | ইনোভেশন টিমের সকল সদস্য |

৮.০ সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবু জুবাইর হোসেন বাবলু
যুগ্মসচিব (প্রশাসন)

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.১৬১

তারিখ: ৯ কার্তিক ১৪২৭
২৫ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩) উপসচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৪) সিষ্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

মোছাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব